গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং সংক্রান্ত এপিএ টিমের পর্যালোচনা সভা এবং জুলাই/২০২১ মাসের এপিএ অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	৩১-০৮-২০২১
সভার সময়	সকাল-১১.৩০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোছাম্মাৎ ফারহানা রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ২৯-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পর্যালোচনা সভার সিদ্ধান্ত উপস্থাপন করা হয় এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-২) জানান যে, গত ২৯-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ'র কৌশলগত উদ্দেশ্যের ৮টি মনিটরিং কর্মসম্পাদন সূচকের বিপরীতে মনিটরিং কমিটি ইতোমধ্যে পুর্ণগঠন করা হয়েছে। অপর একটি সিদ্ধান্ত অনুযায়ী আগ্রহী ও দক্ষ কর্মকর্তাদের মধ্য হতে এপিএ টিম পুনর্গঠন করা হয়েছে কিনা সে বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কেজিডিসিএল এর প্রতিনিধি সভায় জানান যে, কেজিডিসিএল এ এপিএ টিম পুনর্গঠন প্রক্রিয়াধীন রয়েছে। জেওসিএল এর প্রতিনিধি জানান যে, জেওসিএল এর এপিএ টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে।

২.২। উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধনের সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত। দপ্তর/সংস্থা/কোম্পানির ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কোন সূচক সংশোধনের প্রয়োজনীয়তা থাকলে যৌক্তিকতাসহ দ্রুত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে উপসচিব (প্রশাসন-২) উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের স্বাক্ষরিত চুক্তির কৌশলগত উদ্দেশ্যের ২.৪ ক্রমিকের 'ইআরএল ইউনিট-২ প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ' সূচকটি সংশোধন হবে। প্রকল্পটি বর্তমানে সরকারি অর্থায়নের পরিবর্তে নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হবে বিধায় সূচকটি সংশোধন/পরিবর্তনের প্রয়োজন হবে।

২.৩। উপসচিব (প্রশাসন-২) সভায় উল্লেখ করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক সম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যে ৮টি মনিটরিং সূচক রয়েছে এবং এ সূচকগুলোতে ৯ নম্বর বরাদ্দ রয়েছে। তাই মনিটরিং সূচকগুলোতে নম্বর প্রাপ্তিতে সকল মনিটরিং কমিটিকে সচেষ্ট হতে হবে। গত ২৪-০৮-২০২১ তারিখে মন্ত্রিপরিষদ

বিভাগে অনুষ্ঠিত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২০-২১ অর্থবছরের এপিএ মূল্যায়ন পর্যালোচনা সভায় মনিটরিং রিপোর্টগুলো একটি নির্দিষ্ট ফরমেট ও সুনির্দিষ্ট সুপারিশসহ প্রস্তুতের পরামর্শ দেয়া হয়েছে। পাশাপাশি যে সকল স্থানে ফিজিক্যাল ভিজিটের সুযোগ আছে সে সকল ক্ষেত্রে সচিত্র প্রতিবেদন তৈরি করলে মনিটরিং রিপোর্টের গ্রহণযোগ্যতা বাড়বে। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, মনিটরিং রিপোর্টের গ্রহণযোগ্যতা বাড়াতে প্রয়োজনে ফিল্ড ভিজিট ও এ সংক্রান্ত প্রমাণক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। বিএমডির প্রতিনিধি সভায় জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে বিএমডি'র ২০২১-২২ অর্থবছরের স্বাক্ষরিত এপিএ'তে খনিজ সম্পদ লিজের মাধ্যমে রয়্যালটি আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে ৫৩.৩০ কোটি টাকা। তাই লক্ষ্যমাত্রাটি সংশোধন করা প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন।

২.৪। সভায় উল্লেখ করা হয় যে, মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে জনবল প্রশিক্ষণ কার্যক্রম ইতোমধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে শুরু হয়েছে। অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রমের বিষয়ে টিজিটিডিসিএল জানান যে, জুলাই/২১ মাসে সোনারগাঁও এ একটি সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে, সেখানে প্রায় ১২০০টি বার্ণার রয়েছে। চলতি মাসে ৭টি অভিযান পরিচালনা করা হয়েছে, সেখানে ৪৫টি স্পটের ২৩.৫ কি.মি. অবৈধ পাইপলাইন উচ্ছেদ করা হয়েছে এবং এখানে প্রায় ১১০০ হাজারের মত বার্ণার রয়েছে। বিপিসির প্রতিনিধি জানান যে, বিপিসির আওতাধীন কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন করা সম্ভব হবে। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের লক্ষ্যমাত্রা অর্জনেও সকলকে যথাযথভাবে তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করা হয়। পেট্রোবাংলার প্রতিনিধি উল্লেখ করেন যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে এনআইএস, ই-গভর্নেন্স ও উদ্ভাবন, জিআরএস, সিটিজেন চার্টার এবং আরটিআই-৩ এর পৃথক পৃথক কর্মপরিকল্পনা রয়েছে। এ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি কোথায় এবং কিভাবে প্রেরণ করতে হবে সে বিষয়ে এপিএ গাইডলাইনে স্পষ্ট উল্লেখ নেই। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, বিষয়টি নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে কথা বলে সমাধান করা হবে।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সুপারিশ ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তির কোন সূচক সংশোধনের প্রয়োজনীয়তা থাকলে তা আগামী ৩০-০৯-২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।	এপিএ টিম
৩.২	একটি নির্দিষ্ট ফরমেট ও সুনির্দিষ্ট সুপারিশ ও প্রযোজ্য ক্ষেত্রে সচিত্র প্রতিবেদনসহ মনিটরিং প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	এপিএ টিম/সংশ্লিষ্ট মনিটরিং কমিটি
৩.৩	২০২১-২২ অর্থবছরের এপিএ'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে এনআইএস, ই-গভর্নেন্স ও উদ্ভাবন, জিআরএস, সিটিজেন চার্টার এবং আরটিআই-৩ এর কর্মপরিকল্পনার অগ্রগতি কোথায় প্রেরণ করতে হবে সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আলোচনা করতে হবে।	প্রশাসন-২ অধিশাখা
৩.৪	২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কর্মসম্পাদন সূচকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	এপিএ টিম/ দপ্তর/সংস্থা/কোম্পানি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২১.৩৫৭

তারিখ: ৭ আশ্বিন ১৪২৮
২২ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৪) এপিএ টিমের সকল সদস্য, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৬) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৯) ব্যবস্থাপনা পরিচালক (সকল)

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব